

যুগান্তর

ছিনতাই মামলায় ঢাবির ২ ছাত্রলীগ নেতা কারাগারে

👤 আদালত প্রতিবেদক

🕒 ১২ মে ২০২৩, ২২:৪১:৪৮ | [অনলাইন সংস্করণ](#)



রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে ১০ হাজার টাকা ছিনতাইয়ের অভিযোগে করা মামলায় ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ছাত্রলীগের দুই নেতাকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত।

শুক্রবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরফাতুল রাকিব তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন।

আসামিরা হলেন- বিশ্ববিদ্যালয়ের পপুলেশন সায়েন্স বিভাগের শিক্ষার্থী নুর উদ্দীন আহমেদ ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী আবদুল্লাহ আল মুনতাসীর। এর মধ্যে নুর উদ্দীন কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহ-সম্পাদক এবং মুনতাসীর শহিদ সার্জেন্ট জহুরুল হক হল ছাত্রলীগের সহ-সভাপতি।

মামলার অভিযোগ থেকে জানা যায়, ভুক্তভোগী জুবায়ের আহমেদ পরিচিত একজনের কাছ থেকে মোটরসাইকেল কিনতে বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে যান। মোটরসাইকেল বিক্রেতাদের আসতে দেরি হওয়ায় জুবায়ের সোহরাওয়ার্দী উদ্যানে ঘুরতে যান। সেখানে গ্লাস টাওয়ারের

পশ্চিম পাশে গেলে তিনজন তাকে ঘিরে ধরে ও কিল-ঘুসি দিয়ে আহত করে মানিব্যাগ থেকে ১৫ হাজার টাকা ছিনিয়ে নেয়। পরে হাতে-পায়ে ধরলে আসামিরা পাঁচ হাজার টাকা ফেরত দিয়ে দ্রুত সেখান থেকে চলে যায়। এ ঘটনায় ভুক্তভোগী বাদী হয়ে মামলা করেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2023